

🗏 আল-আহ্যাব | Al-Ahzab | ٱلْأَحْزَاب

আয়াতঃ ৩৩:৬৬

া আরবি মূল আয়াত:

يُومَ تُقَلَّبُ وُجُوهُهُم فِي النَّارِ يَقُولُونَ يليتنَا اَطَعنَا الله وَ اَطَعنَا الرَّسُولَا هِوَمَ تُقَلَّبُ وُجُوهُهُم فِي النَّارِ يَقُولُونَ يليتَنَا اَطَعنَا الله وَ اَطَعنَا الرَّسُولَا هُوءَ

যেদিন তাদের চেহারাগুলো আগুনে উপুড় করে দেয়া হবে, তারা বলবে, 'হায়, আমরা যদি আল্লাহর আনুগত্য করতাম এবং রাসূলের আনুগত্য করতাম'! — আল-বায়ান

আগুনে যেদিন তাদের মুখ উপুড় করে দেয়া হবে সেদিন তারা বলবে- হায়! আমরা যদি আল্লাহকে মানতাম ও রসুলকে মানতাম। — তাইসিরুল

যেদিন তাদের মুখ-মন্ডল আগুনে উলট পালট করা হবে সেদিন তারা বলবেঃ হায়! আমরা যদি আল্লাহকে মানতাম ও রাসূলকে মানতাম! — মুজিবুর রহমান

The Day their faces will be turned about in the Fire, they will say, "How we wish we had obeyed Allah and obeyed the Messenger." — Sahih International

৬৬. যেদিন তাদের মুখমণ্ডল আগুনে উলট-পালট করা হবে, সেদিন তারা বলবে, হায়! আমরা যদি আল্লাহকে মানতাম আর রাসূলকে মানতাম!

তাফসীরে জাকারিয়া

(৬৬) যেদিন অগ্নিতে ওদের মুখমন্ডল উল্টেপাল্টে দগ্ধ করা হবে সেদিন ওরা বলবে, 'হায়! আমরা যদি আল্লাহর আনুগত্য করতাম ও রসূলকে মান্য করতাম!'

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3599





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন